১৯৬

দৈনিক ইনকিলাব

তারিখ APR. 13 1999

পৃষ্ঠা ৩ কলাম ৫

# ছাত্রীদের ১০ দফা দাবীতে চট্টগ্রাম সরকারী মহিলা কলেজের প্রিন্সিপাল ৪ ঘন্টা অবরুদ্ধ

**চট্টগ্রাম ব্যুরো ঃ** ১০ দফা দাবীতে চট্টগ্রাম সরকারী মহিলা কলেজের ছাত্রীরা কলেজের প্রিন্সিপালকে গতকাল (সোমবার) ৪ ঘন্টা অবরুদ্ধ করে রাখে। প্রায় দেড় হাজার ছাত্রী বেলা ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত প্রিন্সিপাল ফাউজিয়া আলীর অফিস ঘেরাও করে বিক্ষোভ প্রদর্শন করে। বেলা ২টায় দাবী মেনে নেয়ার ব্যাপারে লিখিত আশ্বাস দিলে বিক্ষুব্ধ ছাত্রীরা ঘেরাও কর্মসূচী প্রত্যাহার করে নেয়। ঘেরাও কর্মসূচী চলাকালে আতিকা বিনতে হোসাইন নওরীন, পারুল আক্তার, ডেইজী বেগম, তাহমিনা পাপড়ি প্রমুখ বক্তব্য রাখেন। ১০ দফা দাবীর মধ্যে রয়েছে ছাত্রী সংসদ বাতিল করে নতুন নির্বাচন ঘোষণা করা, আধুনিক ক্যান্টিন ব্যবস্থা, লাইব্রেরী সম্প্রসারণ, ছাত্রী বিভাগের সমস্যা সমাধান।